

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নিয়োগ ও প্রশিক্ষণ শাখা
ঢাকা

নং-এডি-পিএন্ডও-৯৯০/ ৪৩০

তারিখ: ২৪ আশ্বিন ১৪২৬
০৯ অক্টোবর ২০১৯

প্রাপক : মিজ সুবর্ণা শামীম
সহকারী সচিব,
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

নির্দেশিত হয়ে Foreign Service Institute, Government of India কর্তৃক আয়োজিত “5th Special Course for Diplomats from ASEM Countries” প্রশিক্ষণ কোর্স-এ অংশগ্রহণের জন্য আপনার অনুকূলে আগামী ১৪-২১ অক্টোবর ২০১৯ পর্যন্ত (ভ্রমণ সময় ব্যতীত) ভারত ভ্রমণের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরীর শর্তাবলী নিম্নরূপঃ

- ক) ভ্রমণকালীন সময় আপনি মন্ত্রণালয়ে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে;
- খ) আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় পাবেন না;
- গ) থাকা, খাওয়া ও অভ্যন্তরীণ যাতায়াত আয়োজনকারী কর্তৃপক্ষ বহণ করবে;
- ঘ) যাতায়াতের বিমান ভাড়া পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের “১১৮০১০১-১০৪১২৫-৩২৩১৩০১-প্রশিক্ষণ” খাত থেকে নির্বাহ করা হবে;
- ঙ) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে আপনি অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- চ) আপনি ১৩ অক্টোবর ২০১৯ তারিখ অথবা নিকটবর্তী সময়ে ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং প্রশিক্ষণ শেষে ২২ অক্টোবর ২০১৯ তারিখ বা এর নিকটবর্তী সময় ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন;
- ছ) প্রশিক্ষণ শেষে দেশে ফিরে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নির্ধারিত ফরমে প্রতিবেদন দাখিল করবেন এবং যথাসময়ে উক্ত প্রতিবেদন না পাওয়া গেলে ভ্রমণের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করেছেন গণ্য করে আপনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(নুসরাত জাহান)


সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)
ফোনঃ ৯৫৫৫৩২০

নং-এডি-পিএন্ডও-৯৯০/ ৪৩০

তারিখ: ২৪ আশ্বিন ১৪২৬
০৯ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। মহাপরিচালক (প্রশাসন/এমইএ/এফএমও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম ১২তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। পরিচালক (এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (এসএসএ/এমইএ/সংস্থাপন-১/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। বাংলাদেশ হাইকমিশন, নয়াদিল্লী, ভারত।
- ৭। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।
- ৮। অফিস কপি


(নুসরাত জাহান)

সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)